

সুধীর কুমার ঘোষের অকাল

প্রয়াণে শোকোচ্ছ্বাস ।

অধ্যাপক শ্রীপুলিন বিহারী কর ।

পথভুলে এসেছিলে নন্দনের ফুল !
ত্রিদিব সৌরভ রাশি বিলায়ে অতুল
ছ'দিনের খেলাখেলি স্নেহেতে আপন
করি সবে ফিরে গেলে অমর ভুবন !
সেই ফুল্লমুখখানি স্বর্গনিরমল
স্মৃতিতে জীয়ায়ে চির রাখিব উজল,
কালের কঠোর রেখা পড়িবে না তায়
এ ধরার আবিলতা পশেনা যেথায় !
প্রীতি-ভক্তি পূর্ণ তব আদর্শ জীবন
যাপিয়ে, সাধিয়ে ক্ষুদ্র কর্তব্য আপন,
না ছুঁইতে ধরণীর পরশ কঠিন
বৃন্তে-ফুটি, বৃন্তে-পুনঃ হইলে বিলীন !

